



## বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমসে স্বর্ণপদক পেলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী



বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমসে স্বর্ণপদক পেয়েছেন নেপাল এসএ গেমসে স্বর্ণপদকজয়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মারজান আক্তার প্রিয়া ও নাট্যকলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মোহাম্মদ জর্জিস আনোয়ার নাইম কারণে প্রতিযোগিতায় স্বর্ণপদক জিতেছেন।

৭ এপ্রিল, ২০২১ বুধবার বান্দরবান জেলা জিমনেশিয়ামে অনুষ্ঠিত নারীদের -৫৫ কেজি কুমিতে সেনাবাহিনীর হয়ে মারজান আক্তার প্রিয়া ও আনসার বাহিনীর হয়ে পুরুষদের -৬৭ কেজি কুমিতে জর্জিস আনোয়ার নাইম স্বর্ণপদক জেতেন।